

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.১০.০০২.১৭- ৩২১

তারিখ :- ০৭.০৯.২০১৭ খ্রিঃ।

বিষয় : অনলাইনে এম.পি.ও ভুক্তির জন্য আইনগত মতামত প্রসঙ্গে।

সূত্র : (১) জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ-এর স্মারক নং-৩৭.০২.৬১.০০.০০০০.০৪.০০১.১৭-৫২৯, তারিখ:- ১৬.০৭.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলাধীন পলাশীহাটা ইসলামিয়া দাখিল মাদ্রাসায় এনটিআরসিএ কর্তৃক গুণ্য পদে মনোনীত দুইজন শিক্ষক সর্বজনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সহকারী শিক্ষক (শরীর চর্চা) এবং ফাতেমা খাতুন সহকারী মৌলভী (আরবী) পদে বিগত ০১.১১.২০১৬ তারিখে যোগদান করেন।

০২. উক্ত মাদ্রাসায় যোগদানের পর উল্লিখিত দুইজন শিক্ষক এমপিও ভুক্তির লক্ষ্যে উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ বরাবর আবেদন করেন।

০৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ পর্যালোচনা করে দেখেন যে, অত্র মাদ্রাসায় কমিটি সংক্রান্ত বিষয়ে ফুলবাড়ীয়া সহকারী জজ আদালতে একটি মামলা রয়েছে, মামলা নং ১৩৪/২০১৫।

০৪. সংযুক্ত রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বাদী পক্ষ ১৩৪/২০১৫ নং মামলার মাধ্যমে ম্যানেজিং কমিটির কার্যক্রমের উপর নিষেধাজ্ঞা প্রার্থনা করলে আদালত তা নামঞ্জুর করে। ফলশ্রুতিতে কমিটি নিয়মিত ভাবে তাঁদের নির্ধারিত কাজ করে যাচ্ছে।

০৫. উল্লিখিত দুইজন শিক্ষক প্যটার্ন মোতাবেক শূন্যপদে যোগদান করেছেন।

০৬. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের লিগ্যাল এডভাইজার জনাব মোহাম্মদ রাফিউল ইসলাম, বিজ্ঞ আইনজীবী, সুপ্রীম কোর্ট অব বাংলাদেশ উল্লিখিত ০২ জন শিক্ষকের এমপিও ভুক্তির স্বপক্ষে আইনগত মতামত প্রদান করেছেন। (কপি সংযুক্ত)

০৭. উল্লিখিত ০২ (দুই) জন শিক্ষক তাঁদের নিয়োগ ও এমপিও ভুক্তির বিষয়ে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্টাম্পে এতদবিষয়ে দায় দায়িত্ব গ্রহণ করবেন মর্মে অঙ্গীকার নামা দিয়েছেন।

০৮. এমতাবস্থায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের লিগ্যাল এডভাইজার কর্তৃক আইনগত মতামতের প্রেক্ষিতে পলাশী হাটা ইসলামিয়া দাখিল মাদ্রাসার নবনিয়োগকৃত ০২ (দুই) জন শিক্ষক সর্বজনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সহকারী শিক্ষক (শরীর চর্চা) এবং ফাতেমা খাতুন, সহকারী মৌলভীর এম পি ও ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১. বিজ্ঞ আইনজীবীর আইনগত মতামত।

২. উল্লিখিত ০২ (দুই) জন শিক্ষকের অঙ্গীকার নামা।


(মোঃ ফরিদ আহমেদ)

সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
মোবাইল : ০১৭৫১৫৬০৯৯২

১। জেলা শিক্ষা অফিসার
ময়মনসিংহ।

অনুলিপিঃ

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন(৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪. সুপার/সভাপতি, পলাশীহাটা ইসলামীয়া দাখিল মাদ্রাসা, জগৎগঞ্জ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৫. অফিস কপি।